




সেশনঃ ১০ বন্ধু চুলা



| সূচি | | | | |
|--------------|--|------------------|----------------|----------|
| ক্রমিক নং | বিষয়বস্তু | প্রশিক্ষণ পদ্ধতি | প্রশিক্ষণ টুলস | সময় |
| ১. | প্রচলিত চুলা ও বন্ধু চুলার সুফল ও কুফল | লেকচার ও আলোচনা | ফেস্টুন | ৩০ মিনিট |
| ২. | বন্ধু চুলার ব্যবহার ও উপকারিতা | লেকচার ও আলোচনা | ফেস্টুন | ৩০ মিনিট |

উদ্দেশ্য



বন্ধু চুলার উপকারিতা ও ব্যবহার সম্পর্কে দক্ষতা অর্জনে করবেন

উপকরণ



ফেস্টুন



বন্ধু চুলা



প্রদর্শনী পদ্ধতি

প্রচলিত চুলা ব্যবহারের কুফল

বাংলাদেশের প্রায় ৯০ শতাংশ পরিবার রান্নার জন্য প্রচলিত চুলা ব্যবহার করে। বাংলাদেশে বর্তমানে প্রায় ৭০ লাখ মানুষ হাঁপানি রোগে ভুগছে। এর মধ্যে এক-তৃতীয়াংশ মানুষ রান্নাঘরের ধোঁয়াজনিত কারণে এ রোগে আক্রান্ত হচ্ছে। যার ফলে প্রতিবছর ৫০ হাজার মানুষের অকালমৃত্যু হয় এবং ২৫ লাখ মানুষ হাঁপানিতে কষ্ট পায়।

আবার অন্যদিকে প্রতি বছর দেশে ধোঁয়াজনিত বিভিন্ন রোগে ৫০ হাজার নারী ও শিশু মৃত্যুবরণ করছে। আশঙ্কাজনকভাবে এর মাত্রা প্রতিনিয়তই বাড়ছে। প্রচলিত চুলা ব্যবহারে

আমাদের প্রতি বছর প্রায় ১৫০ কোটি মণ জ্বালানি খরচ হয়। ফলে দিন দিন বন সংকুচিত হচ্ছে এবং পরিবেশ নষ্ট হচ্ছে।

(সূত্রঃ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা)



বন্ধু চুলার ব্যবহার

পারিবারিক রান্নার কাজে বন্ধু চুলার জুড়ি মেলা ভার। ছাত্রাবাস, হাসপাতাল, সেনানিবাস, পুলিশ ফাঁড়ি প্রভৃতি প্রতিষ্ঠান বন্ধু চুলা ব্যবহার করে জ্বালানি খরচ অর্ধেক কমিয়ে এনেছে। রেস্টুরা, চায়ের দোকান প্রভৃতি বাণিজ্যিক প্রতিষ্ঠানও বন্ধু চুলা ব্যবহার করে অর্থনৈতিকভাবে লাভবান হচ্ছে। বর্তমানে বিভিন্ন শিল্প-কারখানাতেও সফলভাবে বন্ধু চুলা ব্যবহৃত হচ্ছে এবং তা ব্যবসায়িক মুনাফা বৃদ্ধিতে ব্যাপকভাবে সহায়তা করছে। যেখানে শুকনা কাঠ, খড় ইত্যাদি জ্বালানি ব্যবহৃত হয় সেখানেই বন্ধু চুলা উপযোগী বলে জানান উদ্যোক্তারা।



চিত্রঃ বন্ধু চুলা

বন্ধু চুলার সুফল

- ধোঁয়াজনিত রোগ থেকে ৫০ হাজার নারী ও শিশুর অকালমৃত্যু রোধ;
 - ধোঁয়া না হওয়ায় লাখ লাখ মানুষের মাথাব্যথা, হাঁপানি, শ্বাসকষ্ট, চোখের রোগ ইত্যাদি থেকে মুক্তি;
 - জ্বালানি অর্ধেক বেঁচে যাওয়ার কারণে ৭০ কোটি মণ লাকড়ির সশ্রয়;
 - কম কার্বন নিঃসরণের ফলে বায়ুদূষণ অনেক কমবে
- সূত্র: ডিআইজেড, বাংলাদেশ বন্ধু ফাউন্ডেশন

